


# যুগান্তর

ঢাকা ও যশোর বোর্ড

## এইচএসসির আজকের পরীক্ষা ৭ মে

প্রকাশ : ২৯ এপ্রিল ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



ঢাকা ও যশোর শিক্ষা বোর্ডের চলমান এইচএসসির ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা দ্বিতীয় পত্রের পরীক্ষার সময়সূচি পুনর্নির্ধারণ করা হয়েছে। এই বিষয়ের পরীক্ষা ৭ মে অনুষ্ঠিত হবে। পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী আজকে এই পরীক্ষা নেয়ার কথা ছিল।

কিন্তু ঢাকা বোর্ডের অধীন ফরিদপুর জেলার আলফাডাঙ্গা সরকারি কলেজ কেন্দ্রের এবং যশোর বোর্ডের খুলনা জেলার পাইকগাছা উপজেলাধীন কপিলমুনি কেন্দ্রের ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা দ্বিতীয় পত্রের (বিষয় কোড ২৯৩) প্রশ্নপত্রের প্যাকেট খোলা হয়েছিল। এ কারণে এই পরীক্ষাটি বাতিল করে পরীক্ষার সময়সূচি পুনর্নির্ধারণ করা হয়েছে।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হক এ তথ্য নিশ্চিত করেছেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার  
বেআইনি।